

উপজেলা কৃষি অফিসার
অফিসার (কৃষি)
কৃষি সাংগঠনকর্ম অফিসার
সহকারী কৃষি সাংগঠনকর্ম অফিসার
উপ-সহকারী কৃষি সাংগঠনকর্ম অফিসার
বিদ্যান সচিব

জ্যৈষ্ঠ মাসের কৃষকভাইদের করণীয়

সুপ্রিয় কৃষিজীবী ভাইবোন! জ্যৈষ্ঠ মাসে পানক ও মিষ্টি ফলের সৌন্দর্য পেকে মাতোয়ারা থাকে। বাজার দিবা বাজার মৌসুমি ফলের সৌন্দর্য আমাদের রসনাকে আরো বাড়িয়ে দিয়ে যায়। এছাড়াও মৌসুমি ফলের প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে তৈরি আচার, চাটনি, জ্যাম, জেলি জ্যেষ্ঠের গরমে ভিন্ন স্বাদের বাজনা নিয়ে ছাড়ির হয়। কৃষিবান্ধব সরকারের মাগনীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এক ইচ্ছা জমিত ফলে না রাখার নির্দেশনা প্রদান করেছেন। তাই কৃষির উৎপাদন ক্ষেত্রে এই মধুমাসে প্রিয় পাঠক, চলুন কোনে নেই জ্যৈষ্ঠ মাসের কৃষির করণীয় বিষয়গুলো বোঝা:

- বোরো:**
- জমিতে বোরো ধান শতকরা ৮০ ডাগ পেকে গেলে জমির ধান সংগ্রহ করে কেটে মাড়াই, ঝাড়াই করে ভালোভাবে শুকিয়ে নিতে হবে।
 - শুকনো বীজ ছায়ায় ঠান্ডা করে প্রাস্টিকের ড্রাম, পলিথিন কোটেজ বস্তা, মাটির কলসি এসবে সঠিকভাবে সংরক্ষণ করতে হবে।

- আউশ:**
- এখনো আউশের বীজ বোনো না হয়ে থাকলে এখনই বীজ বপন করতে হবে। চারার বয়স ২০-২৫ দিন হলে মূল জমিতে রোপণ করতে হবে।
 - রোপণের পর চারার বয়স ১২ থেকে ১৫ দিন হলে ইউরিয়া সারের প্রথম কিস্তি হিসেবে একর প্রতি ১৮ কেজি ইউরিয়া সার উপরি প্রয়োগ করতে হবে। এর ১৫ দিন পর একই মাত্রায় দ্বিতীয় কিস্তি উপরি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সারের কার্যকারিতা বাড়াতে জমিতে সার প্রয়োগের সময় ছিপছিপে পানি বত জমি আগাছা মুক্ত রাখতে হবে।

- বোনোআমন:**
- নিচু এলাকায় বোরো ধান কাটার ৭-১০ দিন আগে বোনো আমনের বীজ ছিটিয়ে দিলে বা বোরো ধান কাটার সাথে সাথে আমন ধানের চারা রোপণ করতে বন্যা বা বর্ষার পানি আসার আগেই চারা মতেজ হয়ে ওঠে এবং পানি বাড়ার সাথে সাথে সমান ভালে বাড়ে।

- রোপাআমন:**
- মঘা জ্যৈষ্ঠ মাসের পর রোপা আমনের জন্য আর্শ বীজতলা তৈরি করতে হবে। বীজতলা তৈরি করার পেরে এমন উচু জমি নির্বাচন করে চাষ, মই পানি দিয়ে ভালভাবে ঝাটখেকে কাদামায়া করে নিতে হবে। প্রতি বর্গমিটার জমির জন্য ৮০ গ্রাম বীজের প্রয়োজন হয়।
 - বীজ বোনার আগে বীজ তলায় এক স্তর ভাই ছিটিয়ে দিলে চারা তোলায় সময় উপকার পাওয়া যায়।
 - ভাল ফলন পেতে হলে আগাম জাত হিসাবে ত্রি ধান৪৯, ত্রি ধান৫৭, ত্রি ধান৬২, ত্রি ধান৬০, ত্রি ধান৬৭, বিনা ধান২২, বিনা ধান৭, বিনা ধান১৫, বিনা ধান১৬, বিনা ধান২০, স্বরা সহিফু জাত হিসেবে ব্রি ধান৫৬, ত্রি ধান৫৭, বি ধান৬৬, ত্রি ধান৭১, জলমগতা সহিফু জাত হিসাবে ত্রি ধান৫১, ত্রি ধান৫২, ত্রি ধান ৭৯, বিনা ধান ১১, বিনা ধান ১২, মাঝারি লবনাক্রান্তা সহনশীল জাত হিসাবে ত্রি ধান৪০, ত্রি ধান৫৩, ত্রি ধান৫৪, ত্রি ধান৭৩, বিনা ধান৮, বিনা ধান১০, সুগন্ধিধান ত্রি ধান৮০, চাষ করা যাবে।
 - ভাল চারা পাওয়ার জন্য বীজতলায় নিয়মিত সেচ দেয়া, প্রতিদিন পানি নিকাশের ব্যবস্থা করা, আগাছা দমন, সবুজ পাতা ফড়িং ও স্ত্রিল্প এর অক্রমণ প্রতিরোধ করার জন্য কাদগুলো সতর্কতার সাথে করতে হবে।
 - চারা হলুদ হলে প্রতি বর্গমিটারে ৭ গ্রাম করে ইউরিয়া সার প্রয়োগ করলে ভাল ফল পাওয়া যায়। এরপরও যদি চারা হলুদ থাকে তবে প্রতি বর্গমিটারে ১০ গ্রাম করে জিপসাম সার প্রয়োগ করতে হবে।
 - জ্যৈষ্ঠ মাসে আউশ ও বোনো আমনের জমিতে পামরি পোকায় অক্রমণ দেখা দেয়া। পামরি পোকা ও এর কীড়া পাতার সবুজ অংশ খেয়ে গাছের অনেক কতি করে। তাছাড়া অক্রমণ গাছের গোড়া থেকে ৫ সেন্টিমিটার (২ ইঞ্চি) রেখে বাকি অংশ কেটে কীড়া ও পোকা ধ্বংস করা যায়। অক্রমণ বেশি হলে অনুমোদিত কীটনাশক সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে।

- পাট:**
- পাটের জমিতে আগাছা পরিষ্কার এবং ঘন ও দুর্বল চারা তুলে পাতলা করা, সেচ এসব কাজগুলো যথাযথভাবে করতে হবে। ফাটুনি তোষা জাতের জন্য একপ্রতি ৪০ কেজি ইউরিয়া সার উপরি প্রয়োগ করতে হবে।
 - এ মাসে পাটের বিছা পোকা এবং ঘোড়া পোকা জমিতে অক্রমণ করে থাকে। বিছা পোকা ও ঘোড়া পোকায় অক্রমণ রোধ করতে পোকায় ডিমের পান্না ও পাতার নিচ থেকে পোকা সংগ্রহ করে মেরে বা পুড়িয়ে ফেলতে হবে। অক্রমণ বেশি হলে অনুমোদিত কীটনাশক সঠিকভাবে সঠিক সময়ে সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে।

- শাকসবজি:**
- মাঠে বা রসতবাড়ির আশ্রিনায় গ্রীষ্মকালীন শাকসবজির পরিচর্যা সতর্কতার সাথে করতে হবে। এ সময় সারের উপরি প্রয়োগ, আগাছা পরিষ্কার, গোড়ায় মাটি তুলে দেয়া, পাতা জাতীয় সবজির জন্য বাউনি বা মাচার ব্যবস্থা করা খুব জরুরি। পাতনো সবজির দৈহিক বৃদ্ধি যত বেশি হয়, তার ফুল ও ফল ধারণ ক্ষমতা তত কমে যায়। সেজন্য বেশি বৃদ্ধি সমূহ পাতার/গাছের ১৫-২০ শতাংশের পাতা লতা কেটে দিলে তাড়াতাড়ি ফুল ও ফল ধরবে।

- আদা ও হলুদ:**
- বাড়ির কাছাকাছি উচু এমর্নিক আদা ছায়াযুক্ত জায়গায় আদা হলুদের চাষ করা যাবে।

- সবুজসার:**
- খালী সবুজ সার করার জন্য ধইকা বা লিগিউম জাতীয় গাছ লাগিয়ে ছিলেন; তাদের চারার বয়স ৩৫-৪৫ দিন হলে চাষ ও মই দিয়ে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। সবুজ সার মাটিতে মেশানোর ৭/১০ দিন পরই ধান বা অন্যান্য ফসলের চারা রোপণ করা যাবে।

- নারিকেল ও সুপারি:**
- উপযুক্ত মাছগাছ থেকে নারিকেল, সুপারির ভাল বীজ সংগ্রহ করে বীজতলায় লাগানো যাবে।

তাছাড়া কৃষির যে কোন সমস্যায় উপজেলা কৃষি অফিস অথবা কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে বা কৃষক বন্ধু সেবার ৩৩৩১ নম্বরে কল করে কৃষি বিশেষজ্ঞদের পরামর্শ নিতে পারেন।